Consumer and Worker Protection

**উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (DEPARTMENT OF CONSUMER AND WORKER PROTECTION, DCWP) লাইসেন্সিং কেন্দ্র**
42 Broadway, Lobby
New York, NY 10004

**কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:**

সোমবার - বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30টে

**NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্র**
90-27 Sutphin Blvd, 4th Floor
Jamaica, NY 11435

**কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:**

মঙ্গলবার, বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30টে

**কোভিড-19 সতর্কবার্তা**

স্বাস্থ্য ও সুরক্ষার কারণে, DCWP লাইসেন্সিং কেন্দ্র এবং NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্র প্রত্যক্ষ সাক্ষাৎকারের পরিষেবা দিতে পারে না, তবে আপনি সশরীরে আপনার লাইসেন্সের আবেদন জমা করতে অ্যাপয়েন্টমেন্টের একটি সময় নির্ধারণ করতে পারেন। **আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া** বিভাগটি দেখুন।

*দ্রষ্টব্য:* সশরীরে প্রাপ্য পরিষেবা যেহেতু সীমিত, তাই আমরা আপনাকে আমাদের অনলাইন পরিষেবা ব্যবহার করার জন্য উৎসাহ দিচ্ছি। পরিষেবাটি 24/7 **nyc.gov/BusinessToolbox**–তে উপলব্ধ।

# লাইসেন্স আবেদনের চেকলিস্ট: ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি

## কার ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি লাইসেন্স অবশ্যই থাকতে হবে?

একটি ব্যবসার অবশ্যই একটি ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি লাইসেন্স থাকতে হবে যদি এটি:

- বাণিজ্যিক গ্রাহক, যেমন হোটেল, হাসপাতাল, রেস্তোঁরা, জিম, এবং খুচরো লন্ড্রিদের লন্ড্রি পরিষেবা দেয়। অথবা
- বাণিজ্যিক প্রতিষ্ঠান যেমন, হোটেল, রেস্তোঁরা, বা জিমের সঙ্গে যুক্ত থেকে লন্ড্রি পরিষেবার সুবিধা দেয় অথবা পরিচালনা করে।

“লন্ড্রি পরিষেবা”-র অর্থ হল মূল্যের বিনিময়ে জামাকাপড় কাচা, শোকানো, মাড় দেওয়া, বা ইস্ত্রি করা। ড্রাই ক্লিনিং লন্ড্রি পরিষেবার অন্তর্ভুক্ত নয়।

নিম্নলিখিত পরিষেবাগুলির ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি লাইসেন্সের দরকার নেই:

- যে কোন হাসপাতালের লন্ড্রির সুবিধা এবং
- কোন বাসস্থানের লন্ড্রির সুবিধা যা কেবলমাত্র বাসস্থানের মালিক, ভাড়াটে, বা দখলদারের ব্যবহারের জন্য উদ্দিষ্ট

এই বর্ণনাটি হল কার অবশ্যই ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি লাইসেন্স থাকতে হবে তার একটি সাধারণ বর্ণনা।

একটি ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি লাইসেন্সের আবেদন করার জন্য প্রয়োজনীয়তার ক্যুইক লিস্ট দেখতে পরের পৃষ্ঠায় যান।

**একটি ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি লাইসেন্সের আবেদন করার জন্য প্রয়োজনীয়তার ক্যুইক লিস্ট**

*বিস্তারিত বর্ণনার জন্য প্রয়োজনীয়তা বিভাগটি দেখুন। নিশ্চিত করুন যে আপনি সব প্রয়োজনীয়তাগুলি মিটিয়েছেন; নয়ত, আপনার আবেদন অসম্পূর্ণ থাকবে। লাইসেন্স ইস্যু করার জন্য DCWP কেবলমাত্র সম্পূর্ণ আবেদন গ্রহণ করতে পারে।*

- ☐ সাধারণ লাইসেন্সের আবেদন
- ☐ ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি সেলফ-সার্টিফিকেশন (*মালিক সম্পূর্ণ করবেন*)
- ☐ সেলস ট্যাক্স পরিচয়পত্র নম্বর অথবা অ্যাপ্লিকেশন কনফার্মেশন নম্বর
- ☐ সিয়োরটি বন্ডের প্রতিলিপি (বা থার্ড পার্টি বন্ড), সঠিকভাবে স্বাক্ষরিত
- ☐ কর্মীর ক্ষতিপূরণ বিমা
- ☐ প্রতিবন্ধী কল্যাণমূলক বিমা
- ☐ বাণিজ্যিক সাধারণ দায় বিষয়ক বিমা
- ☐ অতিরিক্ত বিমাকৃত অনুমোদন
- ☐ দালাল বা প্রতিনিধির দ্বারা নোটারি করা সার্টিফিকেশন
- ☐ কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation) (*প্রযোজ্য হলে তবে*)
- ☐ লাইসেন্স মূল্য

*আপনার আবেদন জমা করার মাধ্যমে আপনার লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে অনুমোদন পায় না।*

**আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া**

কেবলমাত্র ল্যাপটপ বা ডেস্কটপ ব্যবহার করে অনলাইনে আপনার আবেদন জমা দেওয়ার জন্য www.nyc.gov/BusinessToolbox–এ যান।

অথবা

DCWP লাইসেন্সিং কেন্দ্রে অথবা NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্রে সশরীরে জমা দিতে একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন (1 নং পৃষ্ঠাতে ঠিকানা দেওয়া আছে)।

**ইমেলের মাধ্যমে**: LicensingAppointments@dca.nyc.gov
**ফোনের মাধ্যমে*:** (212) 436-0441 নম্বরে ফোন করুন।
(সোমবার – শুক্রবার, সকাল 8টা – বিকেল 4 টে)

*এই নম্বরটি কেবলমাত্র সশরীরে পরিষেবা পাওয়ার অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করার জন্য। সাধারণ প্রশ্নের জন্য onlineappsdocs@dca.nyc.gov–এ ইমেল করুন।

*ওই স্থানে বিনামূল্যে ব্যাখ্যার পরিষেবা উপলব্ধ রয়েছে।* প্রতিবন্ধকতা-বিষয়ক সমন্বয়ের জন্য অনুরোধ জানাতে, অনুগ্রহ করে DCWP-এর প্রতিবন্ধী আমেরিকানদের আইন (Americans with Disabilities Act, ADA)-এর কোওর্ডিনেটরকে **humancapital@dca.nyc.gov**-তে ইমেল করুন অথবা **nyc.gov/dcwp–**তে যান এবং "সমন্বয় (accommodations)" খুঁজুন।

## ব্যবসায়িক সার্টিফিকেট (Business Certificate)-এর সম্পর্কে গুরুত্বপূর্ণ বার্তা

আপনার ব্যবসার আইনি কাঠামো অনুযায়ী আপনার প্রযোজ্য ব্যবসায়িক সার্টিফিকেট অবশ্যই থাকতে হবে। আপনার আবেদন প্রক্রিয়াকরণের জন্য যদিও DCWP-এর কাছে আপনার ব্যবসায়িক সার্টিফিকেট জমা দেওয়ার দরকার নেই, DCWP নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক বিধি (Administrative Code)-র 20-104 ধারা অনুসারে এই নথির জন্য অনুরোধ করতে পারে।

আপনার নিজের ছাড়া অন্যান্য একক মালিক যাঁরা একটি নামের অধীনে কার্য পরিচালনা করছেন তাঁদের অবশ্যই একটি ব্যবসায়িক/গৃহীত নামের সার্টিফিকেট থাকতে হবে।

আপনার ব্যবসার ক্ষেত্রে, পার্টনারশিপের জন্য একটি পার্টনারশিপ সার্টিফিকেট থাকতে হবে এবং, প্রযোজ্য হলে, গৃহীত নামের সার্টিফিকেট থাকতে হবে।

কর্পোরেশন, লিমিটেড পার্টনারশিপ, লিমিটেড লায়াবিলিটি কোম্পানি, অথবা লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট কর্পোরেশন বিভাগ (Division of Corporations)-এর কাছে রেজিস্টার করতে হবে এবং সক্রিয় থাকতে হবে। আপনার অবস্থান www.dos.ny.gov/corps–এ দেখতে পারেন।

## প্রয়োজনীয়তা

**আপনি এই প্রয়োজনীয় নথিপত্র এবং তথ্য জমা না করলে DCWP আপনার আবেদন খারিজ করে দেবে:**

- **সাধারণ লাইসেন্সের আবেদন** (সংযুক্ত)।
- **ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি সেলফ-সার্টিফিকেশন** (সংযুক্ত)।
  মালিক (যেমন, একক মালিক, সাধারণ পার্টনার, ডাইরেক্টর, কর্পোরেট অফিসার, সদস্য, অথবা কোম্পানির স্টকের 10% বা তার বেশি শেয়ার রয়েছে এমন শেয়ারহোল্ডার) অবশ্যই সেলফ সার্টিফিকেশনটি সম্পূর্ণ করবেন। রিমাইন্ডার: আপনার ব্যবসা ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি ডেলিভারি পরিষেবায় নিযুক্ত থাকলে, আপনি সেলফ-সার্টিফিকেশনের যানবাহন এবং ডেলিভারির তথ্য (Vehicle and Delivery Information) বিভাগটি অবশ্যই সম্পূর্ণ করুন।
- **সেলস ট্যাক্স পরিচয়পত্র নম্বর অথবা অ্যাপ্লিকেশন কনফার্মেশন নম্বর।**
  সেলস ট্যাক্স সংগ্রহ করতে কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করতে, www.businessexpress.ny.gov দেখুন।
- **সঠিকভাবে স্বাক্ষরিত সিয়োরিটি বন্ডের প্রতিলিপি (অথবা থার্ড পার্টি বন্ড)।**
  বন্ডে অবশ্যই:
  - নিউ ইয়র্ক সিটির নামে চুক্তির দ্বারা বাধিত থাকতে হবে। এবং
  - আপনার লাইসেন্স আবেদনে প্রদত্ত আপনার একই কর্পোরেট নাম, ব্যবসায়িক (Doing-Business-As, DBA) নাম (যদি থাকে), এবং স্থানের ঠিকানা অন্তর্ভুক্ত হতে হবে। এবং
  - লাইসেন্সের সময়সীমা কভার করতে হবে।
  - নিম্নলিখিত অর্থের পরিমাণের মধ্যে থাকুন, যা আপনার ব্যবসায় কর্মীর সংখ্যার উপরে নির্ভর করে।
    - 0 থেকে 25 জন কর্মী: $500
    - 26 থেকে 50 জন কর্মী: $1,500
    - 51 থেকে 75 জন কর্মী: $2,500
    - 76 থেকে 125 জন কর্মী: $3,000
    - 126 জন বা তার বেশি কর্মী: $5,000

nyc.gov/dcwp-তে বন্ডিং কোম্পানির তালিকা উপলব্ধ রয়েছে। "বন্ডিং কোম্পানি (bonding companies)" খুঁজুন। DCWP-তে দেওয়া তালিকাটি সম্পূর্ণ নয়, এবং DCWP কোন বিশেষ একটি বন্ডিং কোম্পানিকে অনুমোদন বা সুপারিশ করে না।

- **কর্মীর ক্ষতিপূরণ বিমা†।**
  কর্মীর ক্ষতিপূরণ বিমার প্রমাণ হিসাবে নিম্নলিখিত নথিগুলির যে কোন একটির প্রতিলিপি জমা করুন:
  - C-105.2 – কর্মীর ক্ষতিপূরণ বিমার সার্টিফিকেট অথবা
  - U-26.3 - কর্মীর ক্ষতিপূরণ বিমার স্টেট ইনশিয়োরেন্স ফান্ড সার্টিফিকেট অথবা
  - SI-12 - কর্মীর ক্ষতিপূরণ স্ব-বিমার সার্টিফিকেট অথবা
    GSI-105.2 – নিউ ইয়র্ক স্টেট কর্মীর ক্ষতিপূরণ গোষ্ঠীর স্ব-বিমাতে (Workers' Compensation Group Self-Insurance) অংশগ্রহণের সার্টিফিকেট অথবা
  - নিউ ইয়র্ক স্টেট কর্মীর ক্ষতিপূরণ বোর্ড (Workers' Compensation Board)-এর ব্যবহৃত সমতুল্য বা উত্তরবর্তী ফর্ম

  আপনার, আইনের দ্বারা কর্মীর ক্ষতিপূরণ বিমা বজায় রাখার দরকার না হলে, আপনাকে অবশ্যই ফর্ম CE-200 – অব্যাহতির প্রত্যয়ন (Attestation of Exemption)-এর সার্টিফিকেট জমা করতে হবে।

- **প্রতিবন্ধী কল্যাণমূলক বিমা†।**
  প্রতিবন্ধী কল্যাণমূলক বিমার প্রমাণ হিসাবে নিম্নলিখিত নথিগুলির যে কোন একটির প্রতিলিপি জমা করুন:
  - DB-120.1 – NYS প্রতিবন্ধী কল্যাণ আইন (Disability Benefits Law)-এর অধীনে বিমা কভারেজের সার্টিফিকেট অথবা
  - নিউ ইয়র্ক স্টেট কর্মীর ক্ষতিপূরণ বোর্ড (Workers' Compensation Board)-এর ব্যবহৃত সমতুল্য বা উত্তরবর্তী ফর্ম

  আপনার, আইনের দ্বারা প্রতিবন্ধী কল্যাণমূলক বিমা বজায় রাখার দরকার না হলে, আপনাকে অবশ্যই ফর্ম CE-200 – অব্যাহতির প্রত্যয়ন (Attestation of Exemption)-এর সার্টিফিকেট জমা করতে হবে।

- **বাণিজ্যিক সাধারণ দায় বিষয়ক বিমা†।**
  দ্রষ্টব্য:
  - আপনার বিমা সার্টিফিকেটে সার্টিফিকেটের ধারক হিসাবে নিউ ইয়র্ক সিটি (City iof New York)-র নাম অবশ্যই থাকতে হবে।
  - একজন দালাল আপনার বিমার সার্টিফিকেট অবশ্যই কার্যকর করবেন এবং জাতীয় বিমা কমিশনারের সংগঠন (National Association of Insurance Commissioners, NAIC) নম্বরটি তালিকাভুক্ত করবেন।
  - সমস্ত নথিতে আপনার ব্যবসার নাম এবং ঠিকানা অবশ্যই একদম এক থাকতে হবে।
  - বর্ণনার বাক্সে নিউ ইয়র্ক সিটি (City of New York) "অতিরিক্ত বিমাকৃত (Additional Insured)" হিসাবে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে।
  - বিমার অবশ্যই A.M. শ্রেষ্ঠ (www.ambest.com) রেটিং যা A-/"VII"-এর বেশি হতে হবে অথবা Standard & Poor-এর কম করে A রেটিং পেতে হবে।
  - নীতিকে অবশ্যই এমন কভারেজ দিতে হবে যা অন্তত সম্প্রতি জারি করা বিমা পরিষেবা ফর্ম (Insurance Services (ISO) Form) CG 0001 সংস্করণের মত বড় হবে, "ঘটনা (occurrence)"-ভিত্তিক হতে হবে, এবং নিম্নলিখিত ন্যূনতম পরিমাণ থাকতে হবে:
    - প্রতি ঘটনায় $1,000,000
    - মোট $2,000,000

- **অতিরিক্ত বিমাকৃত অনুমোদন†।**
  দ্রষ্টব্য:
  - DCWP নিম্নলিখিত অতিরিক্ত বিমাকৃত অনুমোদনগুলি গ্রহণ করে:
    - ISO ফর্ম CG 20 26
    - ISO ফর্ম CG 20 12
    - অনুমোদনকে এমন কভারেজ দিতে হবে যা অন্তত সম্প্রতি জারি করা ISO ফর্ম CG 20 26 বা CG 20 12 সংস্করণের মত বড় হবে
  - আপনি যদি তালিকাভুক্ত অতিরিক্ত বিমাকৃত অনুমোদন (Scheduled Additional Insured Endorsement) দেন যাতে অতিরিক্ত বিমাকৃত নাম রয়েছে (ISO ফর্ম CG 20 26 বা CG 20 12), তবে অনুমোদনে নিম্নলিখিত যে কোন একটি বিবরণ অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে:
    - "(কর্মকর্তা এবং কর্মীবৃন্দসহ নিউ ইয়র্ক সিটি)The City of New York including its officials and employees." অথবা
    - "(নিউ ইয়র্ক সিটির সঙ্গে তার কর্মকর্তা এবং কর্মীবৃন্দ)The City of New York together with its officials and employees."
  - আপনি যদি সার্বিক অতিরিক্ত বিমাকৃত অনুমোদন (Blanket Additional Insured Endorsement) অথবা স্বয়ংক্রিয় অতিরিক্ত বিমাকৃত অনুমোদন (Automatic Additional Insured Endorsement) দেন, তবে নিশ্চিত করুন যে কভারেজটি অন্তত সম্প্রতি জারি করা ISO ফর্ম CG 20 26 বা CG 20 12 সংস্করণের মত বড়।

**†গুরুত্বপূর্ণ:** আপনার বিমা নীতি বাতিল হলে, তার মেয়াদ শেষ হলে, বা কোন কারণে তা বন্ধ হয়ে গেলে 14 দিনের মধ্যে আপনাকে অবশ্যই DCWP-কে তা জানাতে হবে। বিজ্ঞপ্তিটি লিখিত হতে হবে এবং সশরীরে তা জমা দিতে হবে অথবা মেলের মাধ্যমে DCWP লাইসেন্সিং কেন্দ্র বা NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্রকে পাঠাতে হবে (1 নং পৃষ্ঠাতে ঠিকানা দেওয়া আছে)।

- **দালাল বা প্রতিনিধির দ্বারা নোটারি করা সার্টিফিকেশন** (সংযুক্ত)।
  আপনার বিমার দালাল বা প্রতিনিধিকে অবশ্যই সার্টিফিকেশন সম্পূর্ণ করতে হবে।

- **কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation)** (সংযুক্ত)।
  এটি প্রয়োজন যদি লাইসেন্সের আবেদনকারীর বদলে অন্য কেউ এই আবেদনপত্রটি প্রস্তুত করে ও জমা দেয়।

  *দ্রষ্টব্য:* আবেদনকারীকে লাইসেন্সের আবেদন এবং সংশ্লিষ্ট সকল আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে।

- **লাইসেন্সের মূল্য।**
  পরের পৃষ্ঠা দেখুন।

| ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি লাইসেন্স | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| **লাইসেন্সের সময়সীমা:** 2 বছর | | | | | | | | |
| **মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখ**: 31শে ডিসেম্বর, বিজোড় বছর | | | | | | | | |
| **আপনি যদি আপনার আবেদন এই তারিখের মধ্যে জমা করেন:** | **আপনার লাইসেন্স মূল্য হল (কর্মীর # দ্বারা নির্ধারিত)** | | | | | | | |
| | **0-5 A** | **6-10 B** | **11-25 C** | **26-50 D** | **51-75 E** | **76-100 F** | **101-125 G** | **126+ H** |
| একটি জোড় বছরের 1লা জানুয়ারি থেকে একটি জোড় বছরের 30শে জুন পর্যন্ত | $340 | $490 | $740 | $1,240 | $1,740 | $1,990 | $2,240 | $2,740 |
| একটি জোড় বছরের 1লা জুলাই থেকে একটি জোড় বছরের 31শে ডিসেম্বর পর্যন্ত | $255 | $368 | $555 | $930 | $1,305 | $1,493 | $1,680 | $2,055 |
| একটি বিজোড় বছরের 1লা জানুয়ারি থেকে একটি বিজোড় বছরের 30শে জুন পর্যন্ত | $170 | $245 | $370 | $620 | $870 | $995 | $1,120 | $1,370 |
| একটি বিজোড় বছরের 1লা জুলাই থেকে একটি বিজোড় বছরের 31শে ডিসেম্বর পর্যন্ত | $85 বা *$425 | $122 বা *$612 | $185 বা *$925 | $310 বা *$1,550 | $435 বা *$2,175 | $497 বা *$2,487 | $560 বা *$2,800 | $685 বা *$3,425 |

*আপনি লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার ছয় মাসের মধ্যে আবেদন করলে, আপনি বাকি থাকা লাইসেন্সের সময়সীমার জন্য সমানুপাতিক মূল্যসহ পরবর্তী সময়সীমার জন্য লাইসেন্স নবীকরণ করতে প্রয়োজনীয় সম্পূর্ণ মূল্য প্রদান করতে পারেন। আপনি উভয় মূল্য প্রদান করলে, পরবর্তী লাইসেন্সের সময়সীমা শেষ না হওয়া পর্যন্ত আপনাকে লাইসেন্স নবীকরণ করতে হবে না।

অর্থ প্রদানের মাধ্যম:

- DCWP-কে প্রদেয় চেক অথবা মানি অর্ডার। *(সশরীরে)*
- ক্রেডিট কার্ড (কেবলমাত্র ভিসা, মাস্টারকার্ড, আমেরিকান এক্সপ্রেস, ডিসকভার কার্ড)। আপনার থেকে একটি ফেরতের অযোগ্য কনভেনিয়েন্স মূল্য নেওয়া হবে। *(সশরীরে বা অনলাইনে)*

## ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রির জন্য অতিরিক্ত সংস্থানসমূহ

- আপনার ব্যবসাকে প্রভাবিত করতে পারে এমন আইন এবং নিয়মাবলী দেখার জন্য **nyc.gov/BusinessToolbox** দেখুন।
- **পরিদর্শনের চেকলিস্টের** জন্য**: লন্ড্রি সার্ভিসেস, nyc.gov/BusinessToolbox** দেখুন।
- আপনার ব্যবসা খোলা, চালানো, এবং বাড়ানোয় উপকারি সংস্থানগুলির জন্য **nyc.gov/business** দেখুন।